

## ১.৫ খতিয়ানের করণিক ভুল সংশোধন:

### সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি দিয়ে ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সরজমিন তদন্ত ও রেকর্ডপত্র যাচাই অন্তে প্রস্তাব/প্রতিবেদন উপজেলা ভূমি অফিসে প্রেরণ করেন। উক্ত প্রতিবেদন প্রাপ্তির পর বা আবেদন প্রাপ্তির পরই ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন দাখিলের সময়সীমা নির্ধারণ করার পাশাপাশি সহকারী কমিশনার (ভূমি) শুনানির তারিখ/দিন ধার্য করে আবেদনকারী/রেকর্ডীয় মালিক এবং স্বার্থসংশ্লিষ্টদের নোটিশ প্রদান করেন। ধার্য তারিখে শুনানি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে খতিয়ানের করণিক ভুল সংশোধনের আদেশ দেওয়া হয়। আদেশ অনুসারে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক প্রস্তুতকৃত সংশোধিত ০৫ (পাঁচ) কপি খতিয়ানে স্বাক্ষর অন্তে প্রয়োজনীয় ফি আদায় সাপেক্ষে আবেদনকারীকে ১ (এক) কপি, মূল নথিতে ১ (এক), মূল খতিয়ান ভলিউমের সঙ্গে ১ (এক) কপি, জেলা রেকর্ড রুমে ১ (এক) কপি এবং ইউনিয়ন ভূমি অফিসের মূল ভলিউমে ১ (এক) কপি সংরক্ষণের জন্য প্রেরণ করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা রেজিস্টার-২ হালনাগাদ করে প্রতিবেদন দাখিল করার মাধ্যমে খতিয়ানের করণিক ভুল সংশোধন প্রক্রিয়া সম্পন্ন হয়।

**সেবা প্রাপ্তি সময়:** সাধারণত ৩০-৪৫ দিন

### প্রয়োজনীয় ফি:

- ১। কোর্ট ফি- ২০ টাকা;
- ২। রেকর্ড সংশোধন ফি- ১০০০ টাকা;
- ৩। খতিয়ান ফি (প্রতি কপি)- ১০০ টাকা।

**সেবা প্রাপ্তির স্থান:** ১। উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস; ২। ইউনিয়ন ভূমি অফিস

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:** ১। সহকারী কমিশনার (ভূমি); ২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা; ৩। নামজারি সহকারী।

### প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। সর্বশেষ নামজারি ও জমাভাগ/জমা একত্রিকরণের খতিয়ান (প্রযোজ্য ক্ষেত্রে)
- ২। মূল দলিলের ফটোকপি/সার্টিফাইড কপি
- ৩। করণিক ভুলের স্বপক্ষে কাগজপত্র বা প্রমানপত্র
- ৪। হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা
- ৫। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আদেশের সার্টিফাইড কপি
- ৬। আদালতের রায়/আদেশ/ডিক্রি থাকলে আরজির সার্টিফাইড কপি
- ৭। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি
- ৮। আবেদনের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ৯। আবেদনকারীর পক্ষে মনোনীত কোনো ব্যক্তি শুনানীতে থাকতে চাইলে ছবিসহ হলফনামার কপি।

**সেবা প্রাপ্তির শর্তাবলি:** দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

### সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০
- ২। প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫
- ৩। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০
- ৪। ভূমি মন্ত্রণালয়ের ৩০ জুন ২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৫৯৮ নম্বর পরিপত্র

**সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:** জেলা প্রশাসক / অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সেবার নাম: খতিয়ানের করণিক ভুল সংশোধন

ধাপ সংখ্যা: ১৭ টি  
সম্পূর্ণ জনবল: ৪ জন  
সময়: ৩০-৪৫ কার্যদিবস

